# নটর ডেম কলেজ, ঢাকা

NOTRE DAME COLLEGE, DHAKA

প্রতিষ্ঠিত 1949 · EST. 1949

জ্ঞানের আলোকে ভালোবাসো — Love the light of wisdom

ইউজার ম্যানুয়াল · স্ক্রিনশটসহ
USER MANUAL


## আবেদন যেভাবে করবে

Step-by-step

**শুরু:** ব্রাউজারে https://ndcadm1.applink.bd · https://ndcadm2.applink.bd · https://ndcadm3.applink.bd — যেকোনো একটিতে যাও। ল্যান্ডিং পেজে **"আবেদন শুরু করো →"** ক্লিক করলে 5-ধাপের ফরম খুলবে। বাঁ পাশের ধাপ-তালিকায় অগ্রগতি দেখা যাবে, আর উপরে **বাংলা / English** ভাষা পরিবর্তনের সুইচ আছে।

### ল্যান্ডিং পেজ / Landing page

এখান থেকেই শুরু — **"আবেদন শুরু করো"** বাটনে ক্লিক করো। উপরে **প্রোগ্রাম · সময়সূচি · আবেদনের ধাপ · যোগ্যতা · প্রশ্নোত্তর** মেনু এবং ফেরত আবেদনকারীর জন্য **লগইন** আছে। নিচের স্ট্রিপে আবেদন শুরু-শেষের তারিখ দেওয়া আছে।



# 1 বিভাগ ও ছবি / Programme & photo

কোন বিভাগে ভর্তি হতে চাও নির্বাচন করো — বিজ্ঞান (বাংলা) · বিজ্ঞান (ইংরেজি ভার্সন) · মানবিক · ব্যবসায় শিক্ষা — এবং সাম্প্রতিক **পাসপোর্ট সাইজ ছবি** আপলোড করো। বড় ছবি স্বয়ংক্রিয়ভাবে রিসাইজ ও সর্বোচ্চ ২০০ কেবিতে সংকুচিত হবে।

https://ndcadm1.applink.bd

← হোম

AppLink
স্মার্ট ভর্তি ব্যবস্থাপনা

**নটর ডেম কলেজ**
**ভর্তি আবেদন ২০২৬**

প্রশ্নোত্তর | বাংলা | English

*জ্ঞানের আলোকে ভালোবাসো*

1. ধাপ ১ — বিভাগ ও ছবি
2. ধাপ ২ — ব্যক্তিগত তথ্য
3. ধাপ ৩ — এসএসসি তথ্য
4. ধাপ ৪ — ফলাফল
5. ধাপ ৫ — পর্যালোচনা ও জমা

সব তথ্য ইংরেজিতে লেখো (এসএসসি প্রবেশপত্র অনুযায়ী)

ধাপ ১

## বিভাগ ও ছবি

তুমি কোন বিভাগে ভর্তি হতে চাও তা নির্বাচন করো এবং সাম্প্রতিক একটি ছবি যোগ করো।

আবেদনকৃত বিভাগ:মানবিক

যে বিভাগে ভর্তি হতে চাও *

- ○ বিজ্ঞান (বাংলা) — বাংলা মাধ্যম
- ○ বিজ্ঞান (ইংরেজি ভার্সন) — ইংরেজি মাধ্যম
- ◉ মানবিক
- ○ ব্যবসায় শিক্ষা

সাম্প্রতিক ছবি *




আবেদনকারীর সাম্প্রতিক ছবি — পাসপোর্ট সাইজ, সাদা ব্যাকগ্রাউন্ড। নটর ডেম কলেজে শুধু ছাত্র ভর্তি করা হয়। JPG/PNG; বড় ছবি স্বয়ংক্রিয়ভাবে রিসাইজ ও সর্বোচ্চ ২০০ কেবিতে সংকুচিত হবে; ফাইল কমপক্ষে ৫ কেবি।

✓ মুখ শনাক্ত হয়েছে — রিসাইজ করা, 31 কেবি

পরবর্তী ›


## 2 ব্যক্তিগত তথ্য / Personal details

শিক্ষার্থী ও অভিভাবকের তথ্য **এসএসসি প্রবেশপত্র অনুযায়ী** লেখো। এসএমএস (SMS) প্রাপ্তির মোবাইল নম্বরটি সঠিক দাও — এই নম্বরে ট্র্যাকিং নম্বর ও পিন পাঠানো হবে।



## 3 এসএসসি তথ্য / SSC examination


এসএসসি পরীক্ষা (বোর্ড, ভার্সন, রোল, রেজিস্ট্রেশন, সেশন, সাল) ও বিদ্যালয়ের তথ্য দাও। যমজ ভাই ভর্তি আবেদন করে থাকলে তার এসএসসি রোল ও রেজিস্ট্রেশন (ঐচ্ছিক) দাও।



## 4 ফলাফল / Results

গ্রুপ নির্বাচন করো — বিষয়সহ ছক আসবে। প্রতিটি বিষয়ের **গ্রেড পয়েন্ট হাতে টাইপ করো (কপি-পেস্ট নয়)**, জিপিএ ও মোট A+ সংখ্যা দাও। জিপিএ ও মোট A+ গণনায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্য ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়ের নম্বর/A+ অন্তর্ভুক্ত করবে না।


https://ndcadm1.applink.bd



## 5 পর্যালোচনা ও জমা / Review & submit


শেষ ধাপে সব তথ্য এক পেজে দেখানো হবে — **যাচাই করে** ঘোষণায় টিক দিয়ে **“আবেদন জমা দাও”** বাটনে ক্লিক করো। কোনো অংশ ভুল থাকলে “আবেদন সংশোধন” লিংকে ক্লিক করে সেই ধাপে ফিরে ঠিক করা যাবে।

https://ndcadm1.applink.bd




## ✓ আবেদন সফল — ট্র্যাকিং নম্বর ও পিন / Submission success

জমার পর **ট্র্যাকিং নম্বর ও পিন** দেখানো হবে এবং এসএমএস-এ পাঠানো হবে। এই পেজ থেকেই আবেদনের কপি ডাউনলোড/প্রিন্ট করা যাবে এবং বিকাশে ফি পরিশোধের নির্দেশনা দেখা যাবে।




✅ **ট্র্যাকিং নম্বর ও পিন নিরাপদে সংরক্ষণ করো** — ফি পরিশোধ, প্রবেশপত্র ও সংশোধনে লাগবে।




ভর্তি ফি পরিশোধ: **বিকাশ পে-বিল** (ট্র্যাকিং নম্বর দিয়ে) · **AppLink (IT Bangla Ltd.)**


## লগইন ও প্রবেশপত্র ডাউনলোড

Login & admit card

### ক আবেদনকারী লগইন / Applicant login

**https://ndcadmit.applink.bd**-তে গিয়ে **ট্র্যাকিং নম্বর ও পিন** দিয়ে লগইন করো — আবেদনের সব তথ্য দেখা যাবে।


https://ndcadmit.applink.bd




### খ লগইনের পর — জমা দেওয়া আবেদন / After login

জমা দেওয়া আবেদন ধাপে ধাপে দেখা যাবে (লেখা যাবে না — পড়া মোড)। ফি পরিশোধ হয়ে থাকলে উপরে **"প্রবেশপত্র ডাউনলোড করো"** বাটন আসবে।

https://ndcadmit.applink.bd



## গ প্রবেশপত্র দেখা ও ডাউনলোড / Admit preview

বাটনে ক্লিক করলে প্রবেশপত্রের প্রিভিউ আসবে — **"প্রবেশপত্র ডাউনলোড / প্রিন্ট"** দিয়ে পিডিএফ সংরক্ষণ বা প্রিন্ট করো। পরীক্ষার হলে **প্রিন্ট করা প্রবেশপত্র** সাথে আনতে হবে।

https://ndcadmit.applink.bd

← হোম | AppLink — স্মার্ট ভর্তি ব্যবস্থাপনা

**নটর ডেম কলেজ**
**ভর্তি আবেদন ২০২৬**

প্রশ্নোত্তর | বাংলা | English

*জ্ঞানের আলোকে ভালোবাসো*

✓ পেমেন্ট সফল

**প্রবেশপত্র ডাউনলোড / প্রিন্ট**

### Notre Dame College, Dhaka
প্রবেশপত্র · ভর্তি পরীক্ষা ২০২৬



**প্রার্থীর তথ্য**

| | | | |
|---|---|---|---|
| গ্রুপ | Humanities | আবেদন ক্রমিক নং | 40221 |
| শিক্ষার্থীর নাম | Md. Saddam | পিতার নাম | Md. Sattar |
| মাতার নাম | Meghna | বিদ্যালয়ের নাম | Jahir Uddin High School |
| বোর্ড | Mymensingh | এসএসসি জিপিএ | 5 |
| মোট A+ সংখ্যা | 10 | | |

শারীরিক শিক্ষা, স্বাস্থ্য ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বাদে অর্জিত মোট A+

**ভর্তি পরীক্ষার সূচি**

| | |
|---|---|
| পরীক্ষার তারিখ ও সময় | পরবর্তীতে জানানো হবে |
| ভবন ও রুম নম্বর | পরবর্তীতে জানানো হবে |

**আবেদনকারীদের জন্য সাধারণ নির্দেশাবলি**

১। লিখিত পরীক্ষার সময় আবেদনকারীকে অবশ্যই এই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

২। ভর্তি আবেদনের প্রবেশপত্রে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৩। পরীক্ষার দিন ৩০ মিনিট আগে কলেজে এসে আসন বিন্যাস দেখে নির্ধারিত কক্ষে গিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪। পরীক্ষার দিন এসএসসি পরীক্ষার ফলাফলের ইন্টারনেট প্রিন্ট কপি ও রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে আনতে হবে। পরীক্ষার জন্য কালো বলপেন আনবে ও প্রয়োজনে এসএসসি পরীক্ষায় অনুমোদিত সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর (Fx-82MS, 100MS, 570MS, 991MS, 991EX, 991ES, 991ES Plus, 991CW), প্লাস্টিকের স্বচ্ছ ফাইল ফোল্ডার ব্যবহার করা যাবে। পরীক্ষার সময় অন্যের ক্যালকুলেটর ও জিনিস ব্যবহার করা যাবে না। মোবাইল ও বই-খাতা নিয়ে কলেজে প্রবেশ নিষেধ।

৫। লিখিত পরীক্ষা: ২০২৬ খ্রিষ্টাব্দের এসএসসি সিলেবাস অনুযায়ী ৫০ মিনিটের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিষয়সমূহ: বিজ্ঞান বিভাগ- বাংলা, ইংরেজি, উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান; মানবিক বিভাগ- বাংলা, ইংরেজি, আইসিটি ও সাধারণ জ্ঞান; ব্যবসায় শিক্ষা বিভাগ- বাংলা, ইংরেজি, হিসাব বিজ্ঞান, আইসিটি ও সাধারণ জ্ঞান। যারা বিজ্ঞান বিভাগ থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তির আবেদন করেছে তাদেরকে বিজ্ঞান বিভাগের প্রশ্নে এবং যারা ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে ভর্তির আবেদন করেছে তাদেরকে ব্যবসায় শিক্ষা বিভাগের প্রশ্নে পরীক্ষা দিতে হবে।

৬। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ পরীক্ষার দিনই জানিয়ে দেওয়া হবে।

৭। ভুল/অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং ভর্তির টাকা ফেরত দেওয়া হবে না।

৮। নটর ডেম কলেজ একটি রাজনীতিমুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান। তাই কলেজ ক্যাম্পাসে ও কলেজ ক্যাম্পাসের বাইরে (কলেজের ইউনিফরম পরিধান করে) কোনো মিটিং, মিছিল ও সমাবেশ করা যায় না এবং কলেজ ক্যাম্পাসে মাল্টিমিডিয়াযুক্ত মোবাইল ফোন ব্যবহার ও ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ।

**অধ্যক্ষ**
নটর ডেম কলেজ, ঢাকা

## প্রবেশপত্রের নমুনা / Sample admit card

ডাউনলোড করা প্রবেশপত্র (পিডিএফ) — পরীক্ষার্থীর তথ্য, ছবি, **পরীক্ষার তারিখ-সময় ও ভবন-কক্ষ নম্বর** এবং সাধারণ নির্দেশাবলি এতেই থাকবে।

# Notre Dame College, Dhaka

ADMISSION TEST - 2026

Admit Card

**Candidate Details** **Application Serial No. : 40221**

| | |
|---|---|
| **Group** | **Humanities** |
| **Name of Student** | **Md. Saddam** |
| **Father's Name** | **Md. Sattar** |
| **Mother's Name** | **Meghna** |
| **Name of School** | **Jahir Uddin High School** |
| **Board** | **Mymensingh** |



| | | | |
|---|---|---|---|
| **SSC GPA** | **5** | **Number Of (A+)**<br>*(মোট A+ এর সংখ্যা হবে Physical Education, Health and Sports এবং Career Education বাদ দিয়ে)* | **10** |

### Admission Test Schedule

| | |
|---|---|
| **Date and Time of Admission Test** | **To be notified later** |
| **Building Name and Room No.** | **To be notified later** |

আবেদনকারীদের জন্য সাধারণ নির্দেশাবলি:

**১.** লিখিত পরীক্ষার সময় আবেদনকারীকে অবশ্যই এই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

**২.** ভর্তি আবেদনের প্রবেশপত্রে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**৩.** পরীক্ষার দিন ৩০ মিনিট আগে কলেজে এসে আসন বিন্যাস দেখে নির্ধারিত কক্ষে গিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**৪.** পরীক্ষার দিন এসএসসি পরীক্ষার ফলাফলের ইন্টারনেট প্রিন্ট কপি ও রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে আনতে হবে। পরীক্ষার জন্য কালো বলপেন আনবে ও প্রয়োজনে এসএসসি পরীক্ষায় অনুমোদিত সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর (Fx-82MS, 100MS, 570MS, 991MS, 991EX, 991ES, 991ES Plus, 991CW), প্লাস্টিকের স্বচ্ছ ফাইল ফোল্ডার ব্যবহার করা যাবে। পরীক্ষার সময় অন্যের ক্যালকুলেটর ও জিনিস ব্যবহার করা যাবে না। মোবাইল ও বই-খাতা নিয়ে কলেজে প্রবেশ নিষেধ।

**৫.** লিখিত পরীক্ষা: ২০২৬ খ্রিষ্টাব্দের এসএসসি সিলেবাস অনুযায়ী ৫০ মিনিটের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিষয়সমূহ: বিজ্ঞান বিভাগ- বাংলা, ইংরেজি, উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান; মানবিক বিভাগ- বাংলা, ইংরেজি, আইসিটি ও সাধারণ জ্ঞান; ব্যবসায় শিক্ষা বিভাগ- বাংলা, ইংরেজি, হিসাব বিজ্ঞান, আইসিটি ও সাধারণ জ্ঞান। যারা বিজ্ঞান বিভাগ থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তির আবেদন করেছে তাদেরকে বিজ্ঞান বিভাগের প্রশ্নে এবং যারা ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে ভর্তির আবেদন করেছে তাদেরকে ব্যবসায় শিক্ষা বিভাগের প্রশ্নে পরীক্ষা দিতে হবে।

**৬.** ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ পরীক্ষার দিনই জানিয়ে দেওয়া হবে।

**৭.** ভুল/অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং ভর্তির টাকা ফেরত দেওয়া হবে না।

**৮.** নটর ডেম কলেজ একটি রাজনীতিমুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান। তাই কলেজ ক্যাম্পাসে ও কলেজ ক্যাম্পাসের বাইরে (কলেজের ইউনিফরম পরিধান করে) কোনো মিটিং, মিছিল ও সমাবেশ করা যায় না এবং কলেজ ক্যাম্পাসে মাল্টিমিডিয়াযুক্ত মোবাইল ফোন ব্যবহার ও ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ।



**Principal**

Powered by : IT Bangla Ltd.

## প্রবেশপত্র ও সংশোধন

Admit & Edit

📄 **প্রবেশপত্র ডাউনলোড — https://ndcadmit.applink.bd**
ফি পরিশোধের পর নির্ধারিত সময়ে **ট্র্যাকিং নম্বর ও পিন** দিয়ে লগইন করে ডাউনলোড — উপরের **"লগইন ও প্রবেশপত্র ডাউনলোড"** অংশ দেখো। **পরীক্ষার তারিখ ও সময় প্রবেশপত্রেই** থাকবে।

✎ **আবেদন সংশোধন — https://ndcedit.applink.bd**
ভুল থাকলে নির্ধারিত সময়ে **ট্র্যাকিং নম্বর ও পিন** দিয়ে লগইন করে সংশোধন করো।

## এআই চ্যাটবট সহায়ক

AI Chatbot

A **NDC ভর্তি সহায়ক — https://ndc.chatbot.applink.bd**
ভর্তি নিয়ে যেকোনো প্রশ্নের **তাৎক্ষণিক উত্তর** — যোগ্যতা, আবেদন ফি, গুরুত্বপূর্ণ তারিখ, প্রবেশপত্র ও পরীক্ষার তারিখ। ইতোমধ্যে আবেদন করে থাকলে **চ্যাট করে নিজের আবেদনের স্ট্যাটাস** জেনে নাও। "Chat with me" বাটনে ক্লিক করে লগইন করো অথবা সাধারণ প্রশ্ন করো — উত্তর পাবে সাথে সাথে।

## সাধারণ প্রশ্নোত্তর

FAQ

**❓ গ্রেড পয়েন্ট কপি-পেস্ট হচ্ছে না কেন?**
ভুল এড়াতে গ্রেড পয়েন্ট **হাতে টাইপ** করতে হয়।

**❓ ট্র্যাকিং নম্বর/পিন হারালে?**
হেল্পলাইনে যোগাযোগ করো — এগুলো ছাড়া পেমেন্ট ও প্রবেশপত্র সম্ভব নয়।

**❓ পরীক্ষা কবে?**
তারিখ ও সময় **প্রবেশপত্রেই** লেখা থাকবে।

## হেল্পলাইন

Helpline

**+880 1933322530 · +880 1933322531 · +880 1933322532**

📱 কল করতে নম্বরে ট্যাপ করো · সকাল 8:00টা – বিকাল 4:00টা


© নটর ডেম কলেজ, ঢাকা — এইচএসসি ভর্তি 2026 · কারিগরি সহায়তা: **IT Bangla Ltd.**